

এতেক গোস্বামী যদি বলিলেন বাণী।  
 গোস্বামী পদধৌত করিল রঙ্ঘিণী।।  
 সেই জল আনি পরে মৃত মুখে দিল।  
 প্রাণপেয়ে দুইজনে বলে হরিবল।।  
 হরিবল হরিবল উঠিলেক ধ্বনি।  
 অন্তরে বাহিরে ধ্বনি শুধু হরিধ্বনি।।  
 গদ গদ কণ্ঠে তবে বিশ্বাস সূজন।  
 গোস্বামী প্রতি করে শ্রদ্ধা নিবেদন।।  
 ‘অলৌকিক শক্তি তব তুমি মহারাজ।  
 তুমি ভাস্ক হরিচাঁদ পূর্ণ রসরাজ।।  
 সামান্য মানব মোরা তোমা নাহি চিনি।  
 নিজগুণে কর ক্ষমা প্রভুপাদ গুণী।।’  
 নারীগণে হলুধ্বনি দেয় কুতূহলে।  
 নর-নারী জ্ঞানশূন্য হরি হরি বলে।।  
 তবে তো গোস্বামী প্রভু ভাবে মনে মনে।  
 সব করে হরিচাঁদ মোরে কেন মানে।।  
 প্রতিষ্ঠা বরাহ বিষ্ঠা করেছে ভোজন।  
 নামসুধা ফেলে করি নিলয় গমন।।  
 আর নাহি র’ব হেথা থেকে নাহি ফল।  
 ‘চল্ হীরা ওড়াকান্দী চল্ চল্ চল্।।’  
 এত ভাবি গোস্বামীজী অদৃশ্য হইল।  
 বায়ু ভরে শূন্যমার্গে ওড়াকান্দী গেল।।



## হীরামন গোস্বামীর বাহুলীলা

মৃত্যুঞ্জয়ের রমণী, ওড়াকান্দী যান তিনি,  
 লইয়া চলিল মৃত্যুঞ্জয়।  
 সঙ্গেতে তারকচন্দ্র আর শ্রীগোলকচন্দ্র,  
 সূর্য নারায়ণ সঙ্গে যায়।।  
 যোগানিয়া গ্রামে বাস, নামে গোলোক বিশ্বাস,  
 তিনি চলিলেন সেই সাথে।

বেলা অপরাহ্ন প্রায় কাশী মা’র পিত্রালয়,  
 উপস্থিত নিশ্চিতপুরেতে।।  
 কাশী মা’র ধর্ম পুত্র, মল্লিক শ্রীচন্দ্রকান্ত,  
 তিনি চলিলেন সে দিনেতে।  
 তারক শ্রীচন্দ্রকান্ত, দোহার মন একান্ত।  
 হীরামন পাগলে দেখিতে।।  
 ভজন মজুমদার, আসিয়া তাহার ঘর,  
 হীরামন দিল দরশন।  
 শীতকালে পৌষ মাস, গায় নাহি শীতবাস,  
 মাত্র এক লেংটী ধারণ।।  
 চন্দ্রকান্ত দক্ষিণেতে, তারক বসি বামেতে,  
 তার মধ্যে বসি হীরামন।  
 দণ্ডেক মাত্র বসিয়া, ভূমিতে পড়ে লুটিয়া,  
 বলে ‘তোরা কর রে শয়ন।।’  
 কাশীমাতার ভগিনী, একখানি কাঁথা আনি,  
 হীরামন গাত্রোপরে দিল।  
 তিনি কন গোস্বামীরে, ‘যাও প্রভু শয্যাপরে,  
 তারকে কোলে করি শুইল।  
 তারকের হ’ল ভয়, হীরামন গায় গায়,  
 লাগিবে আমার অঙ্গ তাপ।  
 আমার পাপের দেহ, কামানলে সদা দাহ  
 ভাবে কোথা হরিচাঁদ বাপ।।  
 এত ভাবি যুড়ি কর, হস্ত রাখি শিরোপার,  
 হরিপদ করিছে স্মরণ।  
 গোস্বামী কহিছে বাণী, ‘আমি সব পাপ জানি,  
 উরু পরে দিলেন চরণ।।  
 পাপীতাপী উদ্ধারেতে, হরি এলেন জগতে,  
 যার আশা মোর হরিচাঁদে।  
 যেই যাবে ওড়াকান্দী, সেত নহে অপরাধী  
 তার পাপ মুছি বাম পদে।।  
 যে মোর হরিকে ডাকে, সেজন থাকুক সুখে,  
 আমার মনের অভিলাষ।